



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd



জারীকৃত
তাং ৫/১০/২০

স্মারক নং : ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪৭.২১/৩২৫২

তারিখ: ২১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৮ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষা নির্ধারিত বিষয় কাঠামো অনুযায়ী পূর্ণাঙ্গ পাঠ্যসূচিতে গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত উচ্চ মাধ্যমিক স্তরের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম ২৪শে সেপ্টেম্বর ২০২৬ থেকে শুরু হয়েছে। এ সকল শিক্ষার্থী ২০২৮ সালে অনুষ্ঠেয় এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০২৮ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক নির্ধারিত বিষয় কাঠামো ও পূর্ণাঙ্গ পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ে পূর্ণসময়ে ও পূর্ণন্বরে অনুষ্ঠিত হবে।

সকল শিক্ষাবোর্ড ও সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর মোহাম্মদ ফখরুল মাওলা

চেয়ারম্যান

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

চেয়ারম্যান (আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি)

চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং : ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪৭.২১/৩২৫২

তারিখ: ২১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব, কারিগরি অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ।
- ৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৭। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৮। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ৯। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
- ১০। সদস্য (শিক্ষাক্রম), সদস্য (শিক্ষাক্রম) এর দপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



‘একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয় কাঠামো’


২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক বিষয়কাঠামো নিম্নরূপ:

- শিক্ষার্থী নিম্নোক্ত যেকোনো একটি শাখার ভর্তি হতে পারবে। শাখাসমূহ হচ্ছে—
ক. মানবিক খ. বিজ্ঞান গ. ব্যবসায় শিক্ষা ঘ. ইসলাম শিক্ষা ঙ. গার্হস্থ্য বিজ্ঞান এবং চ. সংগীত
- সকল শাখার শিক্ষার্থীর জন্য আবশ্যিক বিষয়- ১. বাংলা ২. ইংরেজি ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- শাখাভিত্তিক বিষয়সমূহ নিম্নরূপ:

শাখা	শাখাভিত্তিক নৈর্ব্যাহিতিক তিনটি বিষয়	শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয় (একটি নেওয়া যাবে)
বিজ্ঞান	৪. পদার্থবিজ্ঞান ৫. রসায়ন ৬. জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত	৭. (ক) জীববিজ্ঞান (খ) উচ্চতর গণিত (গ) কৃষিশিক্ষা (ঘ) ভূগোল (ঙ) মনোবিজ্ঞান (চ) মৃত্তিকাবিজ্ঞান (ছ) প্রকৌশল অঙ্কন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (পুরাতন শিক্ষাক্রম) (জ) ক্রীড়া (পুরাতন শিক্ষাক্রম) শুধু বিকেএসপির জন্য।
মানবিক	৪. ইতিহাস, অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. পৌরনীতি ও সুশাসন ৬. অর্থনীতি ৭. সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম ৮. ভূগোল ৯. যুক্তিবিদ্যা ১০. ক্রীড়া (পুরাতন শিক্ষাক্রম, শুধু বিকেএসপির জন্য)	১১. (ক) পৌরনীতি ও সুশাসন (খ) অর্থনীতি (গ) ভূগোল (ঘ) যুক্তিবিদ্যা (ঙ) সমাজবিজ্ঞান (চ) সমাজকর্ম (ছ) ইতিহাস (জ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (ঝ) ইসলাম শিক্ষা (ঞ) মনোবিজ্ঞান (ট) পরিসংখ্যান (ঠ) কৃষিশিক্ষা (ড) গার্হস্থ্য বিজ্ঞান (ঢ) চারু ও কারুকলা (পুরাতন শিক্ষাক্রম) (ণ) নাটকলা (পুরাতন শিক্ষাক্রম) (ত) সমরবিদ্যা (পুরাতন শিক্ষাক্রম) (থ) আরবি অথবা পালি অথবা সংস্কৃত (পুরাতন শিক্ষাক্রম) (দ) লঘু সংগীত (ধ) উচ্চতর গণিত
ব্যবসায় শিক্ষা	৪. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৫. হিসাববিজ্ঞান ৬. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	৭. (ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (খ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (গ) ট্যুরিজম এন্ড হসপিটালিটি (ঘ) পরিসংখ্যান (ঙ) ভূগোল (চ) অর্থনীতি (ছ) কৃষিশিক্ষা (জ) গার্হস্থ্য বিজ্ঞান
ইসলাম শিক্ষা	৪. ইসলাম শিক্ষা ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. আরবি (পুরাতন শিক্ষাক্রম)	৭. (ক) সমাজবিজ্ঞান (খ) সমাজকর্ম (গ) কৃষিশিক্ষা (ঘ) গার্হস্থ্য বিজ্ঞান (ঙ) মনোবিজ্ঞান (চ) যুক্তিবিদ্যা (ছ) ভূগোল (জ) অর্থনীতি
* গার্হস্থ্য বিজ্ঞান	৪. শিশুর বিকাশ ৫. খাদ্য ও পুষ্টি ৬. গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন	৭. (ক) শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ (খ) মনোবিজ্ঞান (গ) অর্থনীতি (ঘ) সমাজকর্ম (ঙ) ভূগোল (চ) সমাজবিজ্ঞান
সংগীত	৪. লঘু সংগীত ৫. উচ্চাঙ্গ সংগীত ৬. অর্থনীতি অথবা পৌরনীতি ও সুশাসন অথবা ইতিহাস	৭. (ক) অর্থনীতি (খ) পৌরনীতি ও সুশাসন (গ) মনোবিজ্ঞান (ঘ) যুক্তিবিদ্যা (ঙ) গার্হস্থ্য বিজ্ঞান (চ) সমাজবিজ্ঞান (ছ) সমাজকর্ম

* শিক্ষাক্রম- ২০১২ এর আলোকে ইতিমধ্যে গার্হস্থ্য বিজ্ঞান শাখার চারটি বিষয়ে (শিশুর বিকাশ, খাদ্য ও পুষ্টি, গৃহ ব্যবস্থাপনা ও পারিবারিক জীবন, শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ) আটটি পাঠ্যপুস্তক (১ম ও ২য় পত্র) প্রণয়ন, প্রকাশ ও বাজারজাত করা হয়েছে।

* ইতিহাস এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় দুটির মধ্যে যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। তেমনিভাবে সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিষয় দুটির যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। উল্লেখ থাকে যে, বিষয় দুটি একই সাথে আবশ্যিক ও ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে না।


 ০৬.১০.২০২৬
 প্রফেসর ড. এ. কে. এম. শওকত আলী খান
 আইডি নং- ৭৭৮৭
 সদস্য (শিক্ষাক্রম)
 জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড